

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা-২ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৫.০১৮.০২.৪৫.০৪৫.১১-৩৯৯


তারিখঃ ২৬/০৩/২০১৬

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় লক্ষীপুর সদর উপজেলা পরিষদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের প্রশাসনিক অনুমোদন প্রসঙ্গে।

সূত্রঃ চেয়ারম্যান, লক্ষীপুর সদর উপজেলা পরিষদ এর স্মারক নং-২৭, তারিখঃ ২৮/০২/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজস্ব তহবিলের অর্থায়নে লক্ষীপুর সদর উপজেলা পরিষদ কর্তৃক প্রস্তাবিত সূত্রে উল্লিখিত ০৪টি কাজের/প্রকল্পের প্রশাসনিক অনুমোদনের প্রস্তাব পাওয়া যায়। প্রাপ্ত প্রস্তাব পর্যালোচনায় প্রতিটি কাজের প্রাক্কলিত মূল্য মাত্রাতিরিক্ত মর্মে পরিলক্ষিত হচ্ছে।

এমতাবস্থায়, ২০১৫-১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত উন্নয়ন প্রকল্প প্রস্তাবের যথার্থতা যাচাই করে বাস্তবতার নিরীখে ব্যয়ের প্রাক্কলন প্রণয়ন ও মাসিক সভায় তা অনুমোদনপূর্বক নির্বাহী প্রকৌশলীর কারিগরী প্রতিবেদনসহ পুনরায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(লুৎফুন নাহার)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার  
লক্ষীপুর সদর, লক্ষীপুর।

অনুলিপিঃ

১. চেয়ারম্যান, লক্ষীপুর সদর উপজেলা পরিষদ, লক্ষীপুর।
২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি আপলোডের অনুরোধসহ)